



ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০০

স্মারক নং-ঢাপ্রপ্রবি/শিঃশাঃ/পোঃগ্র্যাঃ/ফি/ভর্তি/কোঃরেঃ/৪২/০৪/নং ৪২

তারিখঃ ০২/০৪/২০১৭ খ্রিঃ।

কোর্স রেজিস্ট্রেশনের বিজ্ঞপ্তি

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-এর ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে পুরকৌশল, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল, যন্ত্রকৌশল, সিএসই ও টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগে এম ইঞ্জিনিয়ারিং/এম এসসি ইঞ্জিনিয়ারিং/পিএইচ ডি প্রোগ্রামে এবং রসায়ন, গণিত ও পদার্থবিজ্ঞান বিভাগে এমএসসি/এম ফিল/পিএইচ ডি প্রোগ্রামে অধ্যয়নরত ফুল-টাইম ও পার্ট-টাইম ছাত্রদের ২য় সেমিস্টারের জন্য কোর্স নির্বাচিত হওয়ার পর প্রতি কোর্সের রেজিস্ট্রেশন ফি ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা এবং থিসিস/প্রজেক্ট ফি প্রতি ৩ ক্রেডিটের জন্য ৩০০/- (তিনশত) টাকা হারে সর্বমোট টাকাসহ নিম্নলিখিত খাতের পার্শ্বে বর্ণিত ফিসমূহ অফিস চলাকালীন নির্ধারিত সময়ের মধ্যে কম্পিউটার অফিসের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট হিসাব খাতে অগ্রণী ব্যাংক লিঃ, ডুয়েট শাখা, গাজীপুর-এ জমাদান পূর্বক কোর্স রেজিস্ট্রেশনের যাবতীয় কার্য সম্পাদন করিতে হইবে।

ক্রমিক নং	ফি সমূহের খাত	ফির পরিমাণ	কোর্স রেজিস্ট্রেশন ও ফি জমা দেওয়ার সময়সীমা	
			হইতে	পর্যন্ত
১।	মেডিক্যাল ফি	১৫০/-	০২/০৫/২০১৭ খ্রিঃ মঙ্গলবার	১৪/০৫/২০১৭ খ্রিঃ রবিবার
২।	টিউশন ফি	২৫০/-		
৩।	ছাত্রকল্যাণ ফি	১৫০/-		
৪।	ধর্মীয় ফি	৫০/-		
৫।	পরীক্ষার ফি	৩০০/-		
৬।	গ্রেডশীট ফি	১০০/-		
৭।	ম্যাগাজিন ফি	৫০/-		
৮।	খেলাধুলা ও সাংস্কৃতিক কার্যক্রম	১০০/-		
৯।	যানবাহন ফি	১৫০/-		
	মোট:	১৩০০/-		

কোর্স রেজিস্ট্রেশন সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত নিয়মাবলী অবশ্যই অনুসরণ করিতে হইবে :-

- কোর্স রেজিস্ট্রেশন ফরম একাডেমিক শাখা হইতে সংগ্রহ করিয়া অনুমোদিত কোর্স সুস্পষ্টভাবে লিখিতে হইবে এবং Course Co-ordinator /Advisor-এর স্বাক্ষর গ্রহণ করিতে হইবে।
- কোর্স অনুমোদনের পর কোর্সের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করা অথবা অন্য কোন সংশোধন করা যাইবে না। তবে বিশেষ ক্ষেত্রে কর্তৃপক্ষের লিখিত অনুমোদন/অনুমতির মাধ্যমে সংশোধন করা যাইবে।
- অনুমোদিত কোর্স রেজিস্ট্রেশন ফরমে ঘষা-মাজা, ওভাররাইটিং ও ফ্লুইড ব্যবহার করা যাইবে না। তবে বিশেষ ক্ষেত্রে প্রয়োজন হইলে উক্ত স্থানে বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে। রেজিস্ট্রেশন ফরমে স্বাক্ষরের নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর প্রদান করিতে হইবে।
- বিশ্ববিদ্যালয়ের ও কোর্স রেজিস্ট্রেশনের যাবতীয় ফিসমূহ কম্পিউটার অফিসের মাধ্যমে ব্যাংকে জমাদান পূর্বক ডিপোজিট স্লিপ কোর্স রেজিস্ট্রেশন ফরমের সাথে সংযুক্ত করিয়া সংশ্লিষ্ট Course Co-ordinator /Advisor-এর নিকট জমা দিতে হইবে। অন্যথায় কোর্স রেজিস্ট্রেশন অসম্পূর্ণ বলিয়া গণ্য হইবে।
- নির্ধারিত তারিখের মধ্যেই কোর্স রেজিস্ট্রেশনের যাবতীয় কার্যাবলী সম্পন্ন করিতে হইবে।
- ২০১২-২০১৩ শিক্ষাবর্ষ হইতে পোস্ট গ্রাজুয়েট প্রোগ্রামের সকল শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট সংযুক্ত হলের নির্ধারিত ফি পরিশোধ করিতে হইবে। হল প্রভোস্টের স্বাক্ষরবিহীন কোন রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করা হইবে না।

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

ফোন : ৪৯২৭৪০০৩ (অফিস)

তারিখঃ ০২/০৪/২০১৭ খ্রিঃ।

স্মারক নং-ঢাপ্রপ্রবি/শিঃশাঃ/পোঃগ্র্যাঃ/ফি/ভর্তি/কোঃরেঃ/৪২/০৪/নং ৪২

অনুলিপি:- সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে)-

- এপি এস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- সকল - ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক/হল প্রভোস্ট।
- পরীক্ষা নিয়ন্ত্রক।
- পরিচালক, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।
- সদস্য-সচিব, বিশ্ববিদ্যালয় পোস্ট গ্রাজুয়েট কমিটি।
- সকল কোর্স কো-অর্ডিনেটর/এড্‌ভাইজর, পোস্ট গ্রাজুয়েট প্রোগ্রাম।
- কম্পিউটার (ভারপ্রাপ্ত)।
- ম্যানেজার, অগ্রণী ব্যাংক লিমিটেড, ডুয়েট শাখা, গাজীপুর।
(টাকা জমা দেওয়ার ডিপোজিট স্লিপ প্রতিদিন কম্পিউটার অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হইল)
- সকল নোটিশ বোর্ড, বিশ্ববিদ্যালয় ও হলসমূহ।
- অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ মাকসুদ জামান)

ডেপুটি রেজিস্ট্রার

একাডেমিক শাখা